



## ALL INDIA RADIO, SILCHAR

\*\*\*\*\*

Morning News Bulletin

Bengali/ বাংলা

19 April 2024

7:35—7:40 AM IST

---

লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ে আজ রাজ্যের ৫ টি আসনে সকাল ৭ টা থেকে ভোট গ্রহণ শুরু হয়েছে এবং চলবে বিকেল পাঁচটা পর্যন্ত। প্রথম পর্যায়ে রাজ্যের ডিব্রুগড়, যোরহাট, লখিমপুর, শোণিতপুর ও কাজিরাঙা আসনের জন্য ভোটগ্রহণ করা হচ্ছে। পাঁচটি লোকসভা আসনের ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে পর্যাপ্ত সুরক্ষা কর্মী নিয়োগ করা সহ সম্পর্শকাতর হিসেবে চিহ্নিত ভোটকেন্দ্রগুলিতে সুরক্ষা ব্যবস্থা কঠোর করে তোলা হয়েছে। এছাড়া প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটদানের সময় ভোটদাতাদের বিশেষ সুবিধা প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে। বিশেষভাবে সক্ষম ভোটদাতাদের জন্য রেম্প, প্রসূতি মায়েদের জন্য শিশুকে দুগ্ধপান করানোর জন্য পৃথক কক্ষ, পানীয় জল, শৌচাগার, বিদ্যুৎ সরবরাহ সহ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এদিকে নির্বাচনের সময়কালে সীমান্ত অঞ্চলে সুরক্ষার দিকে বিশেষ গুরুত্ব আরোপ করে রাজ্যটির আন্তরাজ্য ও আন্তর্জাতিক সীমান্তগুলি সিল করে দেওয়া হয়েছে। এই সময়কালে অঞ্চলগুলিতে জনসাধারণের আসা যাওয়া নিষিদ্ধ করা সহ যেকোনো নাশকতামূলক কার্যকলাপ প্রতিরোধ করার জন্য সতর্ক দৃষ্টি রাখা হয়েছে।

উল্লেখ্য প্রথম পর্যায়ে আজ দেশের ১৭ টি রাজ্য ও ৪ টি কেন্দ্র শাসিত অঞ্চলের ১০২ টি লোকসভা আসনে ভোটগ্রহণ করা হচ্ছে।

---

রাজ্যে লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ে আজ ৫ টি আসনে ৮৬ লক্ষেরও বেশী ভোটদাতা তাদের গনতান্ত্রিক অধিকার প্রয়োগ করবেন । এই আসনগুলির মধ্যে নবগঠিত কাজিরাঙা লোকসভা আসনে সর্বাধিক ২০ লক্ষেরও বেশী ভোটদাতা এবং লখিমপুর আসনে সবচেয়ে কম ১৫ লক্ষ ভোটদাতা রয়েছেন ।

উল্লেখ্য লোকসভার আসন পুনর্নির্ধারণের পর এবার প্রথম আসামে নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে ।

---

মিজোরামে লোকসভার একমাত্র আসনের জন্য আজ ভোটগ্রহণ করা হচ্ছে । রাজ্যের ৮ লক্ষেরও বেশী ভোটদাতা আজ তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন । এই নির্বাচনের জন্য একজন মহিলা প্রার্থী সহ মোট ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । রাজ্যে ১ হাজার ২৭৬ টি ভোটকেন্দ্র স্থাপন করা হয়েছে । এর মধ্যে ১৯ টিকে স্পর্শকাতর হিসেবে চিহ্নিত করা হয়েছে । ভোটগ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্যে ১২ কোম্পানী সশস্ত্র কেন্দ্রীয় পুলিশ বাহিনী সহ মিজোরাম পুলিশের ৩ হাজার জওয়ানকে নিয়োজিত করা হয়েছে ।

---

লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্যায়ের প্রচার অভিযান তুঙ্গে উঠেছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা গতকাল বরাক উপত্যকার তিন জেলায় বেশ কয়েকটি জনসভায় অংশগ্রহণ করেন । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা গতকাল কাটলিছড়া , নিলামবাজার , কাটিগড়া ও উধারবন্দে নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করেন ।

---

কাছাড়ের জেলা নির্বাচনী আধিকারীকের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে নির্বাচন প্রক্রিয়া চলাকালীন কোন ভোটদাতাকে যদি কেউ নগদ অর্থ বা বস্তু দ্বারা প্রভাবিত করার চেষ্টা করা হয় , তবে ভারতীয় দণ্ডবিধির ১৭১ বি ধারা মতে দণ্ডনীয় অপরাধ হিসেবে বিবেচিত হবে এবং এক বছরের কারাদণ্ড বা জরিমানা বা জেলা ও জরিমানা দুটোই ধার্য হবে । বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে উৎকোচ প্রদান এবং গ্রহণ এবং ভোটারদের ভয়ভীতি প্রদর্শনের বিরুদ্ধে মামলা নথিভুক্ত করার জন্য টহলদারী পুলিশ বাহিনী গঠন করা হয়েছে । এজন্য জনসাধারণকে ০৩৮৪২-২২৬১০০৬ -এর অভিযোগ সেলে ফোন করে বা ৭০০২৮৩২৮৯৮ এ হোয়াটস অ্যাপ নম্বরে খবর পাঠাতে বলা হয়েছে । নম্বর দুটো দিন-রাত্র খোলা থাকছে ।

---

করিমগঞ্জ লোকসভা নির্বাচনে পোষ্টাল ব্যালট পেপার সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক জানিয়েছেন যে জেলায় অনুপস্থিত ভোটারের সংখ্যা ১৩২ জন। এরমধ্যে ৮৫ বছরের অধিক বয়সের ৮৯ জন এবং বিশেষভাবে সক্ষম ভোটার ৪৩ জন যারা পোষ্টাল ব্যালটের মাধ্যমে বাড়ি থেকে ভোট গ্রহণের জন্য আবেদন করেছিলেন। এই অনুপস্থিত ভোটারদের আজ ও আগামী ২১শে এপ্রিল ঘরে গিয়ে ভোট গ্রহণ করা হবে। এজন্য ১০টি দল গঠন করা হয়েছে। এই ভোট কর্মীরা আজ সকাল সাতটায় করিমগঞ্জ কলেজের মাঠ থেকে ভোট সামগ্রী নিয়ে অনুপস্থিত ভোটারদের ঘরে যাবেন এবং সন্ধ্যা ছটায় করিমগঞ্জ কলেজের মাঠে একই স্থানে এসে জমা করবেন।

---

ডিমা হাসাও জেলার আয়ুক্ত তথা জেলা নির্বাচনী আধিকারীক জানিয়েছেন যে জেলায় জুরুরী পরিষেবার সঙ্গে যুক্ত ভোটকর্মী যারা ফর্ম ১২ ডি পূরন করে জমা দিয়েছিলেন, তারা আগামীকাল ও আগামী ২১শে এপ্রিল পোষ্টাল ব্যালটের মাধ্যমে জেলা আয়ুক্তের কার্যালয়ের ফেসিলিটেশন সেন্টারে ভোট দিতে পারবেন।

---

হাইলাকান্দ্র জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম জানিয়েছেন জেলায় আজ ও আগামীকাল ভোট কর্মীদের জন্য এস এস কলেজে সকাল নয়টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত পোষ্টাল ব্যালট পেপারের মাধ্যমে ভোটদানের এবং সাড়ে ১২টা থেকে বিকেল তিনটে পর্যন্ত প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে।

---

শিলচরের ভাষা আইন সুরক্ষা সমিতির পক্ষ থেকে শিলচর শহরের বিভিন্ন স্থানে কাছাড় জেলা প্রশাসনের নামে ও এন জি সি কর্তৃপক্ষ যেভাবে ভোটারদের উদ্দেশ্যে অসমীয়া ভাষায় ব্যানার লাগিয়েছে, তার তীব্র প্রতিবাদ জানানো হয়েছে। সংগঠনের পক্ষ থেকে জেলা প্রশাসনকে এই ব্যানারগুলি অবিলম্বে সরিয়ে নিতে দাবী জানানো হয়েছে।

---

লক্ষীপুর প্ৰবীণ নাগৰিক সংস্থার উদ্যোগে গতকাল স্থানীয় খৰিৰোল কমিউনিটি হলে বিশ্ব ঐতিহ্য দিবস পালন কৰা হৈছে । সংস্থার সহ-সভাপতি কে এইচ গৌৰহৰি সিংহৰ পৌৰহিত্যে আয়োজিত সভায় আই বিনোদ সিংহ , বৰ্ণা ৰায় চৌধুৰী , এ প্ৰভাবতী দেবী প্ৰমুখ বিশ্ব ঐতিহ্য দিবসেৰ প্ৰাসংগিকতা নিয়ে বক্তব্য ৰাখেন ।

---